



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোর্ডি/কলেজ/নিবন্ধন/২০২৩/১৩৩৬(২)

তারিখ: ০৭/১২/২০২৩ খ্রি.

বিষয় : ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিভাগ/বিষয় পরিবর্তন প্রসঙ্গ।

এতদ্বারা অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নে উল্লিখিত শর্ত ও সময়সূচি অনুযায়ী বিভাগ ও বিষয় পরিবর্তন করে প্রদত্ত ছক অনুসারে শিক্ষা বোর্ডে জমাদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্ত ও সময়সূচি :

- বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যার মধ্যেই বিভাগ পরিবর্তন করতে হবে।
- প্রতিষ্ঠান কর্তৃক ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত/নির্ধারিত ন্যূনতম GPA অবশ্যই অনুসরণ করতে হবে।
- ১৪/১২/২০২৩ খ্রি. হতে ২৪/১২/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বিভাগ ও বিষয় পরিবর্তন করা যাবে।
- বিভাগ ও বিষয় পরিবর্তন ফি (প্রতি শিক্ষার্থী) ২০০/- (দুইশত) টাকা জমার রশিদ (সোনালী সেবার মাধ্যমে) বোর্ডে জমা দিতে হবে।
- বিভাগ ও বিষয় পরিবর্তনকৃত শিক্ষার্থীদের এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- বিজ্ঞান বিভাগ হতে উর্দূ শিক্ষার্থী অন্য বিভাগে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে আর বিভাগ পরিবর্তন করে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে না।

নির্ধারিত ছক:

ক্রমিক নং	শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	শিক্ষার্থীর এস.এস.সি/সমমান পরীক্ষার রোল, রেজি. পাসের সন ও বোর্ড।	বর্তমান বিভাগ/বিষয় ও ক্লাস রোল	পরিবর্তিত বিভাগ/বিষয় ও ক্লাস রোল	পঠিত বিষয় সমূহ(৪র্থ)


জমাদানের সময় সূচি:

ক্রমিক নং	জেলা নাম	তারিখ
১।	রংপুর ও লালমনিরহাট	০১/০১/২০২৪
২।	গাইবান্ধা ও কুড়িগ্রাম	০২/০১/২০২৪
৩।	দিনাজপুর ও ঠাকুরগাঁও	০৩/০১/২০২৪
৪।	পঞ্চগড় ও নীলফামারী	০৪/০১/২০২৪

বি: দ্র: যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ২০২১-২০২২ শিক্ষাবর্ষের রেজি: কার্ডের মুড়ি বই ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের On-line রেজিস্ট্রেশনের হার্ড কপি এখনো বোর্ডে জমা প্রদান করেন নাই তাদের আগামী ০৪/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ,

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।


(মোঃ আবু সায়েম)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।
০৭/১২/২০২৩